জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং ঃ জাতীঃবিঃ/পরী/অনার্স/১ম বর্ষ/২০১০/৬২২৩ তারিখ ঃ ০৯/১১/২০২৬

২০২৬ সালের অনার্স ১ম বর্ষ ইনকোর্স পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ সেশনের অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীদের ১ম এবং ২য় ইনকোর্স **পরীক্ষা** নিম্নবর্ণিত তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত সেশনের পূর্বে ভর্তিকৃত শিক্ষার্থী যারা পূর্বে পরীক্ষায় অংশ গ্রহণ করেনি তাদের জন্য ২০২৫-২৬ সেশনের নিয়ম প্রযোজ্য হবে।

(ক)	১ম ইনকোর্স পরীক্ষা	১৫/১১/২০২৬ থেকে ৩০/১১/২০২৬ তারিখ পর্যন্ত
(খ)	২য় ইনকোর্স পরীক্ষা	০৬/০১/২০২৭ থেকে ২১/০১/২০২৭ তারিখ পর্যন্ত

ইনকোর্স পরীক্ষার নম্বর এন্ট্রি করে (নম্বর এন্ট্রির তারিখ পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে) অন-লাইনে প্রেরণের পর প্রেরিত নম্বরপত্রের Print out কপি, ইনকোর্স পরীক্ষার মূল্যায়িত উত্তরপত্র ও হাজিরাশিট গালাসিল করে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে/জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসে হাতে হাতে/ডাকযোগে প্রেরণ করতে হবে।

উল্লেখ্য যে, ইনকোর্স পরীক্ষার নম্বর নির্ধারিত সময়ের পর এন্ট্রি করা যাবে না এবং লিংক স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। **যেসকল নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীর ইনকোর্স নম্বর অনলাইনে এন্ট্রি দেয়া থাকবে শুধুমাত্র তাদেরই নাম ২০২৬ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের Probable লিস্টে পাওয়া যাবে।**

ইনকোর্স পরীক্ষা, এ্যাসাইমেন্টের নম্বর ও উত্তরপত্র প্রেরণের নিয়মাবলী ঃ

১. ইনকোর্স পরীক্ষা, এ্যাসাইমেন্ট গ্রহণ ও ক্লাসে উপস্থিতি মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকার ভিত্তিতে নম্বর বণ্টন করতে হবে;

২. (ক) ইনকোর্স পরীক্ষার নম্বর ১০ এবং এ্যাসাইনমেন্ট পরীক্ষার নম্বর ০৫। একজন পরীক্ষার্থী উভয় পরীক্ষায় ৪০% নম্বর না পেলে ঐ পরীক্ষার্থী চূড়ান্তভাবে ফরম পূরণের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
(খ) একজন পরীক্ষার্থী ক্লাসে কমপক্ষে ৬০% উপস্থিতি না থাকলে (নূন্যতম ০৩ নম্বর পেতে হবে) সে চূড়ান্তভাবে ফরম পূরণের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
(গ) যে সকল পরীক্ষার্থী ইতিপূর্বে পরীক্ষা দিয়ে অকৃতকার্য হয়েছে বা যে সকল পরীক্ষার্থী মান-উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করবে তাদের ক্ষেত্রে ইনকোর্স পরীক্ষা দেওয়ার প্রয়োজন নাই। তাদের পূর্বের ইনকোর্স নম্বর সংক্রিয়ভাবে সংযোজিত হবে।

৩. সংশ্লিষ্ট কলেজ নিজ দায়িত্বে পরীক্ষা গ্রহণ করবে;

৪. সংশ্লিষ্ট শিক্ষকগণ উত্তরপত্র মূল্যায়ন করবেন;

৫. ১ম ইনকোর্স পরীক্ষার নম্বর ও ২য় ইনকোর্স পরীক্ষার নম্বর গড় করে চূড়ান্ত নম্বর তৈরি করে অনলাইন-এ সাবমিট করতে হবে;

৬. ইনকোর্স, এ্যাসাইনমেন্ট নম্বর ও ক্লাসে উপস্থিতির নম্বর ব্যতীত পরীক্ষার ফরম পূরণ করা যাবে না;

৭. ইনকোর্স, এ্যাসাইনমেন্ট নম্বর ও ক্লাসে উপস্থিতির নম্বর দেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। একবার নম্বর ইনপুট দেয়ার পর তা পরিবর্তন বা নতুন করে ইনপুট দেয়া যাবে না;

৮. ০২ (দুই)টি ইনকোর্স পরীক্ষার খাতা পৃথক পৃথক প্যাকেট করে একসঙ্গে পাঠাতে হবে।

প্যাকেটের উপর বড় করে "২০২৬ সালের অনার্স ১ম বর্ষ ইনকোর্স পরীক্ষা" লাল কালিতে লিখতে হবে।

যে কোন প্রয়োজনে অনার্স ১ম বর্ষ শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগের নম্বর ঃ

(ক) জনাব মুহাঃ রায়হানুর রহমান, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-০১৭১২-৭২৮৬৬২
(খ) জনাব মোঃ আসলাম আলী, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-০১৯১৩-৮৫৮৭৬৩
(গ) জনাব মোঃ আফসার উদ্দিন, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-০১৭১৬-৭১১০৬৮

অনলাইন সংক্রান্ত টেকনিক্যাল সাপোর্ট এর জন্য যোগাযোগ ঃ

(ক) nudc.hp1@gmail.com
(খ) Whatsapp : 01670-814564 (শুধুমাত্র ম্যাসেজ লেখার জন্য)

আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ও ফোন নম্বর ঃ

আঞ্চলিক কেন্দ্রের নাম	ঠিকানা
গাজীপুর ক্যাম্পাস	মোঃ আব্দুস সামাদ, অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), অনার্স ১ম বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, মোবাইল-০১৭১১-২২৯০৭৩
আঞ্চলিক কেন্দ্র, রংপুর	বিনোদপুর, রংপুর, (আর কে রোড সংলগ্ন, বিএনসিসি মোড় হতে ৪০০ মিটার পশ্চিমে) ০১৭১২৬০২৩৮৬
আঞ্চলিক কেন্দ্র, রাজশাহী	বাড়ী # ৪৯, রোড নং-০৬, হোল্ডিং নং-১১৪/৩,পদ্মা আবাসিক এলাকা, চন্দ্রিমা, রাজশাহী, মোবাইল-০১৭১৩-০৩৩২৭৬
আঞ্চলিক কেন্দ্র, বগুড়া	মাটিডালী মোড়, বারপুর (ডায়াবেটিক হাসপাতাল সংলগ্ন), বগুড়া, মোবাইল-০১৯১২-৪০৮৫৭০
আঞ্চলিক কেন্দ্র, সিলেট	আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট, মোবাইল-০৮২১-৭২৯১০২
আঞ্চলিক কেন্দ্র, হবিগঞ্জ	হোল্ডিং # ৩৩, ওয়ার্ড নং-০২, দাউদনগর বাজার, ডাকঘর+থানা+পৌরসভাঃ শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ, মোবাইল-০১৭১৬৫৬৩৮৩৭
আঞ্চলিক কেন্দ্র, চট্টগ্রাম	ভাটিয়ারী লিংক রোড (রেল লাইন সংলগ্ন) বড় দিঘীরপাড়, হাটহাজারী রোড, চট্টগ্রাম, মোবাইল-০১৫৪৭২৫৩৭৪
আঞ্চলিক কেন্দ্র, বরিশাল	ওয়ার্ড # ২৪, পটুয়াখালী সড়ক, রূপাতলী (সোনারগাঁও টেক্সটাইল-এর বিপরীতে), বরিশাল, মোবাইল-০১৭১১৮৮৯৯৭০
আঞ্চলিক কেন্দ্র, খুলনা	বাড়ী # ২৭৭, রোড-০১, কেডিএ সোনাডাঙ্গা আবাসিক এলাকা (২য় ফেজ), খুলনা-৯১০০, মোবাইল-০২৪৭৭৭২৬৫৪৮
আঞ্চলিক কেন্দ্র, কুমিল্লা	বাড়ী # ১০/ক, ব্লক-এফ, সেকশন-১, হাউজিং এস্টেট, আদর্শ সদর, কুমিল্লা-৩৫০০, মোবাইল-০১৭১৪০৪৮৭২৫
আঞ্চলিক কেন্দ্র, ঝিনাইদহ	হোল্ডিং # ১০৭৩, চুয়াডাঙ্গা রোড, থানা-ঝিনাইদহ সদর, জেলা- ঝিনাইদহ।
আঞ্চলিক কেন্দ্র, ময়মনসিংহ	বাসা নং-০১, রোড-আদুরবাড়ী বাইলেন, গ্রাম-মধ্যবাড়েয়া, ডাক-আসলিতলা, জেলা-ময়মনসিংহ, মোবাইল- ০১৭১১-৯৬৯৫২২
আঞ্চলিক কেন্দ্র, ফরিদপুর	বাসা নং-০০২৬-০৫-০২, জাহানারা আজিজ ম্যানশন, গ্রাম-গোয়ালচামট, বরিশাল রোড, ফরিদপুর, মোবাইল- ০১৭১৪-০৫৯৭৭৩

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।